মঞ্জুরী নং-৪৮

৫৫ - পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	207,75,53	208,07,88	209,83,88
উন্নয়ন	356,74,00	456,92,12	545,16,12
মোট	564,49,53	665,00,00	755,00,00

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসরত জনগোষ্ঠীর জন্য কল্যাণমুখী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে তাদের রাজনৈতিক, সামাজিক, শিক্ষাগত ও অর্থনৈতিক অধিকার নিশ্চিতকরণ।

প্রধান কার্যাবলি

(ক) পার্বত্য চট্টগ্রাম এলাকার উপজাতীয়/অফপজাতীয় জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন, শিক্ষা, সংস্কৃতি, সামাজিক প্রথা, রীতিনীতি, ভাষা, ধর্ম, আচার-আচরণ ও স্বকীয়তা বজায় রাখার উদ্দেশ্যে কার্যক্রম গ্রহণ।

(খ) পার্বত্য চট্টগ্রাম এলাকার পরিবেশ ও ভূ-প্রকৃতির বৈশিষ্ট্য অক্ষুণ্ন রাখার জন্য সংশ্লিষ্ট সকল সরকারি কর্মবিভাগের সঙ্গে সমন্বয় রক্ষা করা।

(গ) পার্বত্য চট্টগ্রাম এলাকার আঞ্চলিক পরিষদসহ সকল পর্যায়ের স্থানীয় সরকারসমূহের যাবতীয় উন্নয়নমূলক কর্মকান্ডের তদারকি ও সমন্বয়সহ আন্তঃমন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন কর্মকান্ডের সমন্বয় সাধন।

(ঘ) পার্বত্য চট্টগ্রাম এলাকার ত্রাণ ও পুনর্বাসন এবং আপদকালীন পরিস্থিতি মোকাবেলা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও সমন্বয় সাধন।

(ঙ) পার্বত্য চট্টগ্রাম এলাকার জন্য গঠিত কাউন্সিল কমিটি, বিশেষ কমিটিসমূহকে সাচিবিক সহায়তা প্রদান এবং সংশ্লিষ্ট স্থানীয় সরকারসমূহকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

(চ) পার্বত্য চট্টগ্রাম এলাকায় এন.জি.ও. কার্যক্রম তত্ত্বাবধান ও পরিবীক্ষণ।

২. মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্যসমূহ	প্রধান কার্যক্রমসমূহ	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. পার্বত্য চট্টগ্রাম এলাকার জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন	• নলকূপ স্থাপন এবং জলাধার ও সেচ অবকাঠামো নির্মাণ	• পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড • জেলা পরিষদ, খাগড়াছড়ি • জেলা পরিষদ, বান্দরবন • জেলা পরিষদ, রাঙামাটি • পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্যসমূহ	প্রধান কার্যক্রমসমূহ	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	• পার্বত্য জেলাসমূহে নিরাপদ পানি সরবরাহ ও মৎস্য সম্পদ উন্নয়ন • স্বাস্থ্যসেবার মানোন্নয়ন	• জেলা পরিষদ, খাগড়াছড়ি
	• কৃষি খাতের উন্নয়ন	• রাঙামাটি জেলা পরিষদ
২. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের শিশুদেও মৌলিক চাহিদা ও অধিকার সংরক্ষণ	• স্কুল ভবন নির্মাণ ও সংস্কার	• পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড • পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
	• শিশু স্বাস্থ্য সেবা প্রদান ও শিশুদের মাঝে পুষ্টিমান সম্পন্ন বিস্কুট সরবরাহ • শিশুদের মনন বিকাশের লক্ষ্যে গর্ভবতী ও ১-৩ বছর বয়সী শিশুর মায়েদের মৌলিক স্বাস্থ্য ও মানসিক বিকাশ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	• পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
পার্বত্য জনগোষ্ঠীর বিভিন্ন সম্প্রদায়ের ভাষা ও সংস্কৃতি সংরক্ষণ	• বিভিন্ন উপজাতীয় সম্প্রদায়ের বিশেষ বিশেষ দিবস ও উৎসবে সহায়তা প্রদান	• পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
	• প্রত্যন্ত অঞ্চলে শিক্ষা, ধর্ম ও সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠান উন্নয়ন	• জেলা পরিষদ, রাঙ্গামাটি • জেলা পরিষদ, বান্দরবন • জেলা পরিষদ, খাগড়াছড়ি
৪. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অবকাঠামো উন্নয়ন এবং অর্থনৈতিক কার্যক্রম সম্প্রসারণ	• গ্রামীণ অবকাঠামো (সড়ক, পাহাড়ী সড়ক, সেতু, কালভার্ট, ইত্যাদি) নির্মাণ ও উন্নয়ন	• পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড • জেলা পরিষদ, রাঙ্গামাটি • জেলা পরিষদ, খাগড়াছড়ি • জেলা পরিষদ, বান্দরবন • পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
	• পার্বত্য অঞ্চলের কৃষকদের মধ্যে বিভিন্ন কৃষি উপকরণ (পাওয়ার টিলার, পাম্প, স্প্রে মেশিন, বীজ ইত্যাদি) বিতরণ	• জেলা পরিষদ, বান্দরবন • পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ • জেলা পরিষদ, খাগড়াছড়ি • জেলা পরিষদ রাঙামাটি
	• বেকারত্ব দূরীকরণে ক্ষুদ্রশিল্প, হস্তশিল্প ইত্যাদি স্থাপন	• জেলা পরিষদ, বান্দরবন
৫. প্রযুক্তি উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ	• যুব ও যুবমহিলাদের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান	• পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড • জেলা পরিষদ, বান্দরবন

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ পার্বত্য চট্টগ্রাম এলাকার জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ পার্বত্য দুর্গম এলাকায় নলকূপ স্থাপন ও পৌর এলাকায় পানীয় জল সরবরাহ, স্বাস্থ্যসেবা প্রদান এবং পরিবেশ ও পরিস্কার পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির ফলে দরিদ্র জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ দুর্গম পাহাড়ী এলাকায় মোবাইল ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান এবং সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করার ফলে পরিবারের নারী সদস্যের শ্রম ও সময় সাশ্রয় হবে।

৩.১.২ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের শিশুদের মৌলিক চাহিদা ও অধিকার সংরক্ষণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে শিশুদের স্বাস্থ্যসেবা, বিনামূল্যে বই ও শিক্ষা উপকরণ বিতরণ, টীকা প্রদান এবং অপুষ্টির শিকার শিশুদের উপযুক্ত সেবা প্রদানের ফলে সেখানে শিক্ষার হার ও কর্মক্ষম জনগোষ্ঠীর সংখ্যা বাড়বে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ শিশুদের মৌলিক স্বাস্থ্যসেবা প্রদানের পাশাপাশি মাতৃস্বাস্থ্য সংক্রান্ত সেবা প্রদানের ফলে শিশু মৃত্যু হার হ্রাস পাবে। এছাড়া, মেয়ে শিশুদের শিক্ষার সুযোগ বৃদ্ধির ফলে শ্রমবাজারে আয়বর্ধক কাজে নারীর অংশগ্রহণ বাড়বে।

৩.১.৩ পার্বত্য জনগোষ্ঠীর বিভিন্ন সম্প্রদায়ের ভাষা ও সংস্কৃতি সংরক্ষণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ১১টি বিভিন্ন উপজাতীয় ভাষায় প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে পাঠ্যক্রম প্রণয়নের ফলে অধিক সংখ্যক উপজাতীয় শিশু শিক্ষার সুযোগ লাভ করবে। এছাড়া, উপজাতীয় পণ্য সামগ্রী ও ব্যবহার্য উপকরণ বাজারজাত করার ফলে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর কর্মসংস্থান বৃদ্ধি পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ বহুভাষাভাষী পাঠ্যক্রম চালু করার ফলে উপজাতীয় মেয়ে শিশুদের শিক্ষার সুযোগ সম্প্রসারিত হবে। এছাড়াও উপজাতীয় সম্প্রদায়ের ব্যবহার্য পণ্যসামগ্রী ও উপকরণ সংরক্ষণ ও বাজারজাতকরণের ফলে উপজাতীয় নারীদের আয়বৃদ্ধি পাবে।

৩.১.৪ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অবকাঠামো উন্নয়ন এবং অর্থনৈতিক কার্যক্রম সম্প্রসারণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে যোগাযোগ ও বিদ্যুৎ অবকাঠামো নির্মাণ, পাহাড়ী জনগোষ্ঠীর মধ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ কৃষিপণ্য বাজারজাতকরণে সহায়ক অবকাঠামো নির্মাণের ফলে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর আয় বৃদ্ধি পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে অবকাঠামোগত উন্নয়নের ফলে শ্রমবাজার ও আয়বর্ধক কর্মকান্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে। তাছাড়া, ক্ষুদ্রঋণ কার্যক্রমে নারীদের লক্ষ্যভিত্তিক (৪০%) করায় তাঁদের আত্মকর্মসংস্থান বৃদ্ধি পাবে এবং ক্ষমতায়ন ত্বরান্বিত করবে।

৩.১.৫ প্রযুক্তি উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ যুব ও যুব মহিলাদের কারিগরি শিক্ষা ও বিভিন্ন বৃত্তিমূলক পেশায় প্রশিক্ষিত করার ফলে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে অধিক সংখ্যক দক্ষ জনশক্তি তৈরী হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ কারিগরি শিক্ষা ও বিভিন্ন বৃত্তিমূলক পেশায় প্রশিক্ষণ কার্যক্রম লক্ষ্যভিত্তিক হওয়ায় (৫০%) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে অধিক সংখ্যক নারীর কর্মসংস্থান সৃষ্টি হবে এবং তাঁদের আয় বাড়বে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	**২০২,১৮,০৮**	**২৩৫,০৯,২৯**	**২৬৭,৫০,০৯**
নারী উন্নয়ন	**১২৫,১২,৩১**	**১৫১,০৩,৮৭**	**১৭৫,১৮,৬৩**

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যসমূহ
১। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অবকাঠামো উন্নয়নঃ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ভৌগলিক অবস্থানের কারণে সাধারণ যোগাযোগ ব্যবস্থা সমতল অঞ্চলের ন্যায় মসৃণ নয়। তাই ব্যক্তি, গোত্র, অঞ্চলের মধ্যে লক্ষ্যভিত্তিক যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা হলে আর্থ-সামাজিক অবস্থার প্রভূত উন্নয়ন হবে। এ বিবেচনায় অবকাঠামো উন্নয়ন খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।	• পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন • পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে অবকাঠামো উন্নয়ন ও অর্থনৈতিক কার্যক্রম সম্প্রসারণ
২। অর্থনৈতিক কার্যক্রম সম্প্রসারণঃ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ভৌগলিক প্রকৃতি বিবেচনায় বসবাসরত জনগোষ্ঠীর জন্য কৃষি ও অকৃষি খাতে ব্যাপক লক্ষ্যভিত্তিক কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি গ্রোথ সেন্টার নির্মাণের ফলে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করা সম্ভব হবে। তাই লক্ষ্যভিত্তিক কর্মসূচি বাস্তবায়নকে দ্বিতীয় সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।	• পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে অবকাঠামো উন্নয়ন ও অর্থনৈতিক কার্যক্রম সম্প্রসারণ • পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন
৩। প্রাথমিক শিক্ষা ও কারিগরি শিক্ষাঃ কর্মক্ষম জনগোষ্ঠী ও আত্মকর্মসংস্থান সৃষ্টিতে প্রাথমিক শিক্ষা ও কারিগরি শিক্ষার ভূমিকা অনস্বীকার্য। তাই পাহাড়ী অঞ্চলের দরিদ্র পরিবারের ছেলে-মেয়েদের দেশের সামগ্রিক মানবসম্পদের অংশ হিসেবে প্রতিষ্ঠিত করতে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার প্রসার ঘটানোকে অগ্রাধিকার তালিকায় রাখা হয়েছে।	• পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন • পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের শিশুদের মৌলিক চাহিদা ও অধিকার সংরক্ষণ • প্রযুক্তি উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিতকরণ
৪। মৌলিক স্বাস্থ্য সেবাঃ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের প্রতিবেশগত প্রকৃতির কারণে বিশেষ বিশেষ রোগ বিস্তারের সম্ভাবনা থাকায় জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য সেবা প্রদান করা আবশ্যক। বিশেষ করে নারী ও শিশুর জন্য দুর্গম অঞ্চলে স্বাস্থ্য সেবা পৌছানোর জন্য গৃহীত লক্ষ্যভিত্তিক কর্মসূচি সার্বিকভাবে কর্মক্ষম, জনগোষ্ঠী তৈরীতে সহায়ক ভূমিকা পালন করে বিধায় এ খাতকে অগ্রাধিকার দেয়া হয়েছে।	• পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের শিশুদের মৌলিক চাহিদা ও অধিকার সংরক্ষণ • পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন
৫। উপজাতীয় কৃষ্টি ও সভ্যতা সংরক্ষণঃ সাংস্কৃতিক স্বকীয়তা এবং বিভিন্ন গোষ্ঠীর নিজ নিজ মাতৃভাষা সংরক্ষণে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসরত বিভিন্ন উপজাতীয় সম্প্রদায়ের ভাষা ও ঐতিহ্য সংরক্ষণের উপর জোর দেয়া হয়েছে। বিশেষ করে ১১ টি উপজাতীয় ভাষায় প্রাথমিক শিক্ষা কারিকুলাম প্রণয়নের ফলে পাহাড়ী অঞ্চলের অভিভাবকরা প্রাথমিক শিক্ষা প্রদানে অভিভাবকদের মাঝে প্রণোদনা তৈরী করবে বিবেচনায় অগ্রাধিকার তালিকায় অর্ন্তভুক্ত করা হয়েছে।	• পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর বিভিন্ন সম্প্রদায়ের ভাষা ও সংস্কৃতি সংরক্ষণ

পার্বত্য চট্টগ্রাম এলাকার প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
							২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. সাক্ষরতার হার	১, ২	%	৫০	৪৯	৫১	৫১	৫৩	৫৫	৫৭
২. প্রাথমিক বিদ্যালয়ের কভারেজ	২, ৪	% পাড়া	৩৫	৩৪	৩৫	৩৫	৩৭	৩৯	৪১
৩. কমিউনিটি ক্লিনিকের কভারেজ	১, ২	% পাড়া	৪.৫	৪.২	৫	৫	৭	৮	৯
৪. মাটির রাস্তার হার	৪	%	৮০	৭৮	৭৬	৭৬	৭৩	৭০	৬৭
৫. উপজেলা-জেলা সদরে ভ্রমণ সময়	১, ৪	গড় ঘন্টা	৪.৫	৪.৯	৪.৫	৪৫	৪.০	৩.৮	৩.৫

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৫.১.১ **সাম্প্রতিক অর্জনঃ** গত তিন অর্থবছরে তিন পার্বত্য জেলায় প্রায় ৬০০ মিটার সেচ নালা ও ২৪০টি জলাধার নির্মাণের মাধ্যমে সেচ সুবিধা প্রদান করা হয়েছে এবং ৩৬০ কি.মি. গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণের মাধ্যমে প্রায় ২৫০টি প্রত্যন্ত জনপদকে উপজেলা সদরের সাথে সংযুক্ত করা হয়েছে। এছাড়া ৯৫টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করার ফলে প্রায় ১,৫০০ ছাত্র-ছাত্রী উপকৃত হয়েছে। বোর্ডের উন্নয়ন বাবদ সহায়তা ব্যবহারের মাধ্যমে ২৫২০ টি কম্যুনিটিভিত্তিক সেবাদান কেন্দ্রের (পাড়াকেন্দ্র) মাধ্যমে ৩ পার্বত্য জেলার ২৫টি উপজেলার ১১১টি ইউনিয়নের প্রায় ৮০,০০০ পরিবারকে শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি, পানি ও পয়ঃ ব্যবস্থা সংক্রান্ত মৌল সেবা দান করা হয়েছে।

৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. নলকূপ স্থাপন এবং জলাধার ও সেচ অবকাঠামো নির্মাণ	• ১,০০০ মিটার সেচ অবকাঠামো এবং ৯০ টি জলাধার নির্মাণ • বিভিন্ন ফলমূলের বাগান সৃজন এবং গবাদি পশু পালনে দক্ষতা বৃদ্ধি	১
২. গ্রামীণ অবকাঠামো (সড়ক, পাহাড়ী সড়ক, সেতু, কালভার্ট ইত্যাদি) নির্মাণ ও উন্নয়ন	• ১২০ কি. মি. রাস্তা • ৯০টি সেতু ও কালভার্ট • ৮০ কি. মি. প্রতিরোধক	৪
৩. স্কুল ভবন নির্মাণ ও সংস্কার	• ৯৫টি শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন/সম্প্রসারণ	২
৪. বিভিন্ন উপজাতীয় সম্প্রদায়ের বিশেষ বিশেষ দিবস ও উৎসবে সহায়তা প্রদান	• ২৯০টি ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান উন্নয়নে অনুদান প্রদান	৩
৫. শিশু স্বাস্থ্য সেবা প্রদান ও শিশুদের মাঝে পুষ্টিমান সম্পন্ন বিস্কুট সরবরাহ	• ৮০,০০০ হাজার পরিবারের সকল অনূর্ধ্ব ১ বছর বয়সী শিশু ও ১৪-৪৯ বছরের মহিলাকে টীকার আওতায় আনয়ন • অনূর্ধ্ব পাঁচ বছর বয়সী সকল শিশু, কিশোরী গর্ভবতী ও দুগ্ধদানকারী	২

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
	মহিলাদের রক্তস্বল্পতা জনিত সমস্যা নিরসনে আয়রন বড়ি, ক্রিমিনাশক বড়ি, ভিটামিন মিনারেল পাউডার ও উচ্চ ক্যালরী যুক্ত বিস্কুট বিতরণ	
৬. শিশুদের মনন বিকাশের লক্ষ্যে গর্ভবতী ও ১-৩ বছর বয়সী শিশুর মায়েদের মৌলিক স্বাস্থ্য ও মানসিক বিকাশ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	• ১৫০০ মহিলাকে কমিউনিটি সংগঠন, প্রি-স্কুল শিক্ষাদান এবং স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	২
৭. যুব ও যুব মহিলাদের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান	• ১৫০ জন বেকার যুবক ও যুব মহিলাকে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান	৬

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. রাস্তা নির্মাণ	কি.মি.	৬২	৭৫	৮২	১২০	১৮০	২৩০
২. শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ	সংখ্যা	২৯	৩১	৫২	৬০	৬৫	৭০
৩. ভৌত অবকাঠামো নির্মাণ	সংখ্যা	৪০	১৫	৩০	৩০	৪০	৫০
৪. সেতু ও কালভার্ট নির্মাণ	মিটার	১৮৫	২১০	৩২৪	৩১০	৩২৪	৪২৫
৫. প্রি-স্কুল শিক্ষা গ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা	জন	৪৮,০০০	৫৫,৫০০	৫৫,৫০০	৫৫,৫০০	৫৫,৫০০	৫৫,৫০০
৬. বিশুদ্ধ পানি ও স্বাস্থ্যসম্মত সেনিটেশন ব্যবহারকারীর সংখ্যা	পরিবার (হাজার)	৬০.০	৯৩.০	৭৪.৪	১১০.৫০	১১০.৫০	১১০.৫০

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৩,৭৪,৯৫	৫,৯৩,০০	৭,২৭,৩৭	৮,২০,০০	৯,৫০,০০
উন্নয়ন	৫৭,৭০,০০	৬৩,৯৭,০০	৭৩,১৭,০০	৭৭,৮৬,০০	৮৮,০০,০০
মোট	৬১,৪৪,৯৫	৬৯,৯০,০০	৮০,৪৪,৩৭	৮৬,০৬,০০	৯৭,৫০,০০

৫.১.৫ সংশ্লিষ্ট অপারেশন ইফনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইফনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রমসমূহ
অপারেশন ইফনিট	
১। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	১-৪
অনুমোদিত প্রকল্পসমূহ	
১। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা ২। পার্বত্য চট্টগ্রাম এলাকায় সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় ৩। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা	১, ২, ৩ ও ৪

অপারেশন ইফনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রমসমূহ
অননুমোদিত প্রকল্প	
১। পার্বত্য চট্টগ্রাম এলাকায় সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প-৩য় পর্যায় ২। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে রাবার ও উদ্যান উন্নয়ন-২য় পর্যায়। ৩। পার্বত্য চট্টগ্রাম এলাকায় পর্যটন সুবিধাদির উন্নয়ন।	১, ২, ৩ ও ৪

৫.২ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

৫.২.১ সাম্প্রতিক অর্জনঃ পরিষদ বিগত তিন অর্থবছরে সরকারি সহায়তা এবং নিজস্ব আয় হতে রাঙ্গামাটি পার্বত্য জেলার অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি দারিদ্র্য বিমোচন, নারী উন্নয়ন ও সমন্বিত গস্খামীণ উন্নয়নের বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করেছে। সদর উপজেলাধীন শুকরছড়ি মডেল ভিলেজ ও কাপ্তাই উপজেলাধীন চিৎমরম জেলা পরিষদ মডেল ভিলেজ এর উদাহরণ। পর্যটন শিল্পের উন্নয়নে পর্যটক আকৃষ্ট করার লক্ষ্যে রাঙ্গামাটি জেলার প্রবেশ পথে দৃষ্টি নন্দন রাঙ্গামাটি তোরণ নির্মাণ করা হয়েছে। জেলায় সুপেয় পানি সমস্যার নিরসনকল্পে জেলা পরিষদ কর্তৃক ঘাগড়া,সাপছড়ি যৌথ খামার, বরন্নাছড়ি ও করল্যাছড়ি গ্রামে পাহাড়ী ছড়ায় বাঁধ দিয়ে পরিশোধনের মাধ্যমে গস্খাভিটি ফ্লো সিষ্টেমে পানি সরবরাহ প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।

৫.২.২ প্রধান কার্য্যক্রমসমূহ, কার্য্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্য্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. নলকূপ স্থাপন এবং জলাধার ও সেচ অবকাঠামো নির্মাণ	• ১৫,০০০ মিটার সেচ ড্রেন নির্মাণ • ৫,০০০ মিটার খাল ও নালা খনন	১
২. কৃষি খাত উন্নয়ন	• ১,০০০ পরিবারকে গবাদি পশু (গরু, ছাগল, শুকর) পালনের সহায়তা প্রদান	৩
৩. প্রত্যন্ত অঞ্চলে শিক্ষা, ধর্ম ও সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠান উন্নয়ন	• ১৮০ টি বিদ্যালয় নির্মাণ/রক্ষণাবেক্ষণ • ১৫০টি ধর্মীয় ও সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান নির্মাণ/রক্ষণাবেক্ষণ	৩
৪. গ্রামীণ অবকাঠামো (সড়ক, পাহাড়ী সড়ক, সেতু, কালভার্ট ইত্যাদি) নির্মাণ ও উন্নয়ন	• ২০,০০০ মিটার ক্রীক বাঁধ নির্মাণ • ১১৯ কি.মি. সড়ক নির্মাণ	৪
৫. পার্বত্য অঞ্চলের কৃষকদের মধ্যে বিভিন্ন কৃষি উপকরণ (পাওয়ার টিলার, পাম্প, স্প্রে মেশিন, বীজ ইত্যাদি) বিতরণ	• কৃষি উপকরণ (পাওয়ার টিলার, পাওয়ার পাম্প ও স্প্রে মেশিন) বিতরণ	৪

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. ক) শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ	সংখ্যা	৪৩	২৯	২৯	৪০	৪০	৪০
খ) শিক্ষা প্রতিষ্ঠান রক্ষণাবেক্ষণ/সংস্কার	সংখ্যা	১০	১০	১০	২০	২০	২০
২. ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণ ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	২২	৩৪	৩৪	৪০	৪০	৪০
৩. সেচ ড্রেইন নির্মাণ	মিটার	২,৭০০	৩,৫০০	৩,৫০০	৫,০০০	৫,০০০	৫,০০০

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
৪. খাল ও নালা খনন	মিটার	৯০০	১,২০০	১,২০০	১,৫০০	১,৫০০	২,০০০
৫. ক) কাঁচা রাস্তা নির্মাণ	কি.মি.	১	৫	৫	৭	৭	৫
খ) পাকা/এইচবি রাস্তা নির্মাণ		৪	২	২	৫	৫	৭
৬. ক) টিউবওয়েল স্থাপন (গভীর)	সংখ্যা	২০	৫০	৫০	৩০	৫০	৫০
খ) টিউবওয়েল স্থাপন (অসভীর)		৫	৫	৫	৫	১০	১০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণঃ প্রযোজ্য নয়

৫.২.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	
১। রাঙামাটি পার্বত্য জেলা পরিষদ	১-৩
অনুমোদিত কর্মসূচি/প্রকল্প	
১. সদর উপজেলাধীন বন বিহার এলাকায় তিন তলা বিশিষ্ট পালি কলেজ নির্মাণ	১, ২
২. সদর উপজেলাধীন শাহ উচ্চ বিদ্যালয় ছাত্রাবাস, শিক্ষক ডরমেটরী, বাউন্ডারী ওয়াল নির্মাণ	১, ২
৩. বাঘাইছড়ি উপজেলাধীন কাচালং ব্রীজ হতে রূপালী উচ্চ বিদ্যালয় পর্যন্ত রাস্তা উন্নয়ন	১, ৪
৪. নানিয়ারচর উপজেলাধীন আর এমকে সড়ক (১৯ মাইল) হতে বেতছড়ি রিঝিবিল পাড়া ভায়া খামার পাড়া সড়ক উন্নয়ন	৪
৫. বরকল উপজেলাধীন ছোট হরিণা হতে বড় হরিণামুখ পর্যন্ত রাস্তা উন্নয়ন	৪
৬. বিভিন্ন উপজেলায় পাওয়ার টিলার ও পাওয়ার পাম্প ও স্প্রে মেশিন সরবারহ (কৃষিভিত্তিক দল গঠন করে)	৪
৭. কাউখালী উপজেলাধীন ধুগছড়ি বাজারে ফুট ব্রীজ নির্মাণ	৪
৮. কাউখালী উপজেলাধীন বড়বিলি মৎস্য বাঁধ নির্মাণ	৪
৯. ক্ষুদ্র জাতি গোষ্ঠীর আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন	৩
১০. লংগদু উপজেলাধীন মাইনী বাজারে জেলা পরিষদ মার্কেট নির্মাণ	৪
১১. রাঙ্গামাটি জেলায় মিশ্র ফলজ বাগান সৃজন	১, ৪
১২. রাঙ্গামাটি শহরে পানির সরবরাহ ব্যবস্থাপনায় তিনটি পয়েন্টে পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন	১
১৩. রাঙ্গামাটি শহরে পানির ফোয়ারা নির্মাণ	৪
অননুমোদিত কর্মসূচি/প্রকল্প	
১. সদর উপজেলাধীন রাঙ্গাপানি রাস্তা হতে মোনতলা রাস্তা উন্নয়ন	৪
২. সদর উপজেলাধীন মরংছড়ি রাস্তা এইচ.বি.বি. দ্বারা উন্নয়ন	৪
৩. নানিয়ারচর উপজেলাধীন উপজেলা কৃষি অফিস হতে খামার পাড়া বৌদ্ধ মন্দির সড়কে ফুট ব্রীজ ও রাস্তা উন্নয়ন	৪

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৪. বাঘাইছড়ি উপজেলাধীন রূপালী স্কুল মেইন রোড হতে সংযোগ রাস্তা উন্নয়ন	৪
৫. বাঘাইছড়ি উপজেলাধীন তুলাবান উচ্চ বিদ্যালয় ভবন নির্মাণ	২
৬. নানিয়ারচর উপজেলাধীন নানিয়ারচর নিম্ন মাধ্যমিক বিদ্যালয় নির্মাণ	২
৭. কাউখালী উপজেলাধীন তারাবুনিয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয় নির্মাণ	২
৮. বাঘাইছড়ি উপজেলাধীন বাঘাইছড়ি উচ্চ বিদ্যালয় ভবন নির্মাণ	২
৯. কাপ্তাই উপজেলাধীন কর্নফুলী কলেজ ছাত্রাবাস নির্মাণ	২

৫.৩ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি

৫.৩.১ সাম্প্রতিক অর্জনঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বিগত তিন অর্থবছরে সরকারি আর্থিক সহায়তায় প্রত্যন্ত এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, অবকাঠামো উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, নারী উন্নয়ন ও উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করেছে। দীঘিনালা উপজেলায় ভারত প্রত্যাগত ২৬টি উপজাতীয় শরণার্থী পরিবার পুনর্বাসনের মাধ্যমে এই পরিষদ দীর্ঘ দিনের অমীমাংসিত জটিল সমস্যার নিরসন করে বর্তমান সরকারের শান্তি চুক্তির প্রতিশ্রুত অঙ্গীকার বাস্তবায়ন করেছে। এ জেলায় অন্যান্য এলাকার পাশাপাশি দুর্গম এলাকায় বসবাসরত অধিবাসীদের পানীয় জলের প্রকট সমস্যা নিরসনে পুকুর খনন, বাঁধ নির্মাণসহ রিংওয়েল ও টিউবওয়েল স্থাপন করা হয়েছে। এছাড়াও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তি খাতে উন্নয়ন প্রসারে প্রকল্প গ্রহণ করা হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. নলকূপ স্থাপন এবং জলাধার ও সেচ অবকাঠামো নির্মাণ	• ৭,২২৬ মিটার সেচ ড্রেন নির্মাণ	১
২. পার্বত্য জেলাসমূহে নিরাপদ পানি সরবরাহ ও মৎস্য সম্পদ উন্নয়ন	• ৬৪২মিটার বাঁধ নির্মাণ • ৭৩টি পুকুর খনন ও সংস্কার ১৪২টি টিউবওয়েল (সেলো/ ডিপসেট/রিংওয়েল) স্থাপন	১
৩. স্বাস্থ্যসেবার মানোন্নয়ন	• ৮৫৭জন দুঃস্থ ও গরীব রোগীকে ঔষধ সরবরাহসহ চিকিৎসা প্রদান • ২কক্ষ বিশিষ্ট কেবিন নির্মাণ ও চিকিৎসা সরঞ্জাম সরবরাহ	১
৪. প্রত্যন্ত অঞ্চলে শিক্ষা, ধর্মীয় ও সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন	• ৪০ টি বিদ্যালয় পুনর্নির্মাণ/সংস্কার/ কক্ষ সম্প্রসারণ • ৬৭ টি ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণ/সংস্কার • ১৫০ জন গরীব ও মেধাবী শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান • ৪ টি হেডম্যান কার্যালয়, ৫ টি ক্লাব ও ৯ টি সমিতি ঘর নির্মাণ • ২১ টি শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠানে কম্পিউটার সরবরাহ	৩

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৫. গ্রামীণ অবকাঠামো (সড়ক, পাহাড়ী সড়ক, সেতু, কালভার্ট, ইত্যাদি) নির্মাণ ও উন্নয়ন	• ৩৬ কি.মি. এইচ.বি.বি. রাস্তা নির্মাণ • ৮৪ মিটার ব্রীজ/কালভার্ট নির্মাণ ৪০ কি.মি. কাঁচা গ্রামীণ সড়ক নির্মাণ/সংস্কার	৪
৬. পার্বত্য অঞ্চলের কৃষকদের মাঝে কৃষি উপকরণ (পাওয়ার টিলার, পাম্প, স্প্রে-মেশিন, বীজ ইত্যাদি) বিতরণ	• ৩৪ টি পাওয়ার টিলার ও ৫৬ টি সেচ পাম্প বিতরণ	৫

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. সেচ ড্রেন নির্মাণ	মিটার	৮৭০	৮৭৮	৮৭৮	৯২৫	১,০২০	১,০৯০
২. রাস্তা নির্মাণ	কি.মি.	২.৮৯	১৪.৯৫	১৪.৯৫	১৫	১৬	২০
৩. শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ ও সংস্কার	সংখ্যা	২১	২৪	২৪	২৬	২৮	৩০
৪. ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণ ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	৮	১৩	১৩	১০	১০	১০
৫. সেলাই মেশিন, পাওয়ার টিলার ও কম্পিউটার বিতরণ	সংখ্যা	৪৯	৬৯	৬৯	৮৫	৮৫	৮৫

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণঃ প্রযোজ্য নয়

৫.৩.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	
১। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ	১-৪
অনুমোদিত কর্মসূচি/প্রকল্প	
১। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার বাসভবন নির্মাণ	৪
২। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের কোয়ার্টার উর্ধ্বমুখী সম্প্রসারণ	৪
৩। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অফিসভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ	৪
৪। খাগড়াছড়ি সদর উপজেলার টিউফা আইডিয়াল স্কুল নির্মাণ (সংশোধিত)	২
৫। দীঘিনালা উপজেলার মেরুং বাজার-পূর্ব হাজাছড়া রাস্তা উন্নয়ন	৪
৬। খাগড়াছড়ি সদর উপজেলার বায়তুশ শরফ এতিমখানার সম্প্রসারিত একাডেমিক ভবন নির্মাণ	৪
৭। খাগড়াছড়ি পার্বত্য জেলায় গরীব চাষীদের পাওয়ার টিলার ও পাওয়ার পাম্প এবং জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার সরবরাহ	২ ও ৪
৮। খাগড়াছড়ি জেলাধীন উপজাতীয় শরনার্থী বিষয়ক টাস্কফোর্স অফিস ভবন মেরামত ও সংস্কার	৪

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৯। খাগড়াছড়ি সদর উপজেলার পানখাইয়াপাড়া মারমা উন্নয়ন সংসদ এর মারমা ছাত্রাবাস উন্নয়ন	২
১০। পানছড়ি উপজেলার লতিবান ইউনিয়নে কংচাইরী পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে কালা চাক্মা মহাজনপাড়া পর্যন্ত এইচবিবি দ্বারা রাস্তা উন্নয়ন	৪
১১। মাটিরাঙ্গা উপজেলার তপ্ত মাস্টারপাড়া রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় হতে বীরেন্দ্রপাড়া হইয়া ভক্তপাড়া রাস্তা উন্নয়ন (২য় পর্যায়)	৪
১২। লক্ষীছড়ি হাসপাতাল হতে বানরকাটা পাড়া হইয়া সীমানাপাড়া রাস্তা বর্ধিতকরন (২য় পর্যায়)	৪
১৩। মাটিরাঙ্গা উপজেলার কামিনীপাড়া-নবচন্দ্রপাড়া-ধলিয়া পাড়া রাস্তা উন্নয়ন	২
১৪। খাগড়াছড়ি জেলা পরিষদের মিনি সুপার মার্কেটের ৩য় তলার উন্নয়ন	৪
১৫। খাগড়াছড়ি সদর উপজেলার সাতভাইয়াপাড়া হতে রাঙ্গাপানি ছড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা উন্নয়ন	৪
১৬। মাটিরাঙ্গা উপজেলার বাংলাদেশ ত্রিপুরা কল্যাণ সংসদ এর দ্বিতল ভবন নির্মাণ	৪
১৭। খাগড়াছড়ি পার্বত্য জেলাধীন বিভিন্ন উপজেলায় সেচড্রেন নির্মান ও পাওয়ার পাম্প সরবরাহ	৪
১৮। মাটিরাঙ্গা উপজেলার রিচাই হেডম্যান পাড়া হতে তৈমাতাই খালের উপর ১টি ব্রীজসহ দেওয়ানপাড়া পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন	৪
১৯। খাগড়াছড়ি সদর উপজেলার ভাইবোনছড়া ইউনিয়নের ২নং প্রকল্প গ্রামের পাশে বানছড়ার উপর কালভার্টসহ রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন	৪
২০। মহালছড়ি উপজেলার চৌংড়াছড়ি মগ পাড়া হতে রোয়াজা পাড়া পর্যন্ত রাস্তা এইচ.বি.বি. দ্বারা উন্নয়ন	৪
২১। মাটিরাঙ্গা উপজেলার মাটিরাঙ্গা শান্তিপুর হাইস্কুল এর ভবন নির্মাণ	৪
২২। খাগড়াছড়ি সদর উপজেলার জুনপহর বহুমুখী সমবায় সমিতি লি. এর নিজস্ব জায়গায় কমিউনিটি সেন্টার কাম অফিস ভবন নির্মাণ	৪
২৩। দীঘিনালা উপজেলার বুদ্ধপাড়া-যোগেন্দ্র কার্বারী পাড়া রাস্তা উন্নয়ন	৪
২৪। রামগড় উপজেলার সোনাইআগা বাঙ্গালী পাড়া হতে সোনাইআগা সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা এইচ.বি.বি. দ্বারা উন্নয়ন	৪
২৫। আলুটিলা পুর্নবাসন এলাকা হতে দেওয়ানপাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ	৪
২৬। খাগড়াছড়ি পার্বত্য জেলায় নিরাপদ পানি সরবরাহের জন্য বিভিন্ন পানির উৎস নির্মাণসহ পানি সরবরাহ ব্যবস্থার সংস্কার ও উন্নয়নকরণ	১
২৭। খাগড়াছড়ি পার্বত্য জেলায় বিভিন্ন জাতের মিশ্র ফলজ বাগান সৃজন	১
অননুমোদিত কর্মসূচি/প্রকল্প	
১। মহালছড়ি উপজেলার সিঙ্গিনালা কমিউনিটি সেন্টার ভবন নির্মাণ	৪
২। মহালছড়ি উপজেলার মহালছড়ি কে.জি. স্কুল পাকা ভবন নির্মাণ	২
৩। মহালছড়ি উপজেলার হেডম্যান পাড়া হতে খ্যংসা পাড়া পর্যন্ত রাস্তা এইচ.বি.বি. দ্বারা উন্নয়ন	৪

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৪। মাটিরাঙ্গা উপজেলার উত্তর শান্তিপুর সিএন্ডবি সড়ক হতে ছাদেক চেয়ারম্যান এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি. দ্বারা উন্নয়ন	৪
৫। খাগড়াছড়ি সদর উপজেলার গিরিফুল শিশুসদন/বিয়ারং অনাথআশ্রম/বায়তুশ শরফ/দারুল আইতাম অনাথ আশ্রম/চম্পাঘাট শিশুসদন অনাথ আশ্রম/মহালছড়ি উপজেলার বৌদ্ধ শিশুঘর এর অনাথ, দুঃস্থ ও গরীব আবাসিক নিবাসীদের খাই-খরচ, শিক্ষাপোকরণ ও বিবিধ ব্যয় নির্বাহের জন্য প্রকল্প	২
৬। খাগড়াছড়ি সদর উপজেলার খবংপড়িয়া ইয়ং স্টার ক্লাব কাম কমিউনিটি সেন্টার নির্মাণ (সীমানা প্রাচীরসহ)	৪
৭। রামগড় উপজেলার পূর্ব চৌধুরী পাড়া - আদর্শ গ্রাম - যতচন্দ্র পাড়া রাস্তার উন্নয়ন	৪
৮। রামগড় উপজেলার গুইমারা রিজিয়ন সংলগ্ন মুসফিক কিন্ডার গার্ডেন স্কুলের উন্নয়ন	২
৯। রামগড় উপজেলার ঢাকা কলোনী শিশু সদনের উন্নয়ন	২
১০। রামগড় উপজেলার “সান” সংগঠনের অফিস ঘর উন্নয়ন	৪
১১। রামগড় উপজেলার রামগড় সোনাইআগা প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীরসহ উন্নয়ন	২
১২। রামগড় উপজেলার রামগড় সোনাইআগা বৌদ্ধ বিহারের সীমানা প্রাচীরসহ উন্নয়ন	৪, ৩
১৩। মহালছড়ি উপজেলার সিঙ্গীনালা হেডম্যানপাড়া হতে আদুফাপাড়া পর্যন্ত রাস্তা উন্নয়ন	৪
১৪। খাগড়াছড়ি সদর উপজেলার আপার পেরাছড়া ও কমলছড়ি সংযোগ সড়ক উন্নয়ন	৪
১৫। খাগড়াছড়ি সদর উপজেলার কমলছড়ি হেডম্যান পাড়া-যাদুরাম পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় হইয়া জংলিটিলা সংযোগ সড়ক উন্নয়ন	৪
১৬। খাগড়াছড়ি সদর উপজেলার বড়পাড়া ধর্মঘর হতে বগড়াছড়া পর্যন্ত রাস্তার উন্নয়ন	৪
১৭। খাগড়াছড়ি সদর উপজেলার খবংপড়িয়া শিশু কল্যাণ সংঘ আবাসিক বিদ্যালয় নির্মাণ	২
১৮। দীঘিনালা উপজেলার জামতলী পাড়া হইয়া মাইয়াফা পাড়া পর্যন্ত রাস্তা উন্নয়ন	৪
১৯। পানছড়ি উপজেলার পানছড়ি কলেজের উর্ধ্বমুখী সম্প্রসারণ, সীমানা প্রাচীর ও শিক্ষকদের আবাসিক ভবন নির্মাণ	২
২০। দীঘিনালা উপজেলার বোয়ালখালী দশবল বৌদ্ধ রাজ বিহার নির্মাণ কাজের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ	৩, ৪

৫.৪ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান

৫.৪.১ **সাম্প্রতিক অর্জনঃ** বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বিগত তিন অর্থবছরে সরকারি আর্থিক সহায়তায় প্রত্যন্ত যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, অবকাঠামো উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, নারী উন্নয়ন ও উদ্বাস্ত পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করেছে। সুপেয় পানির সরবরাহের জন্য ৫ কি.মি. পানির পাইপ স্থাপন করা হয়েছে এবং কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি পেয়েছে, যার সুফল ১০ হাজার মানুষ ভোগ করছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ে ঝরে পড়ার হার ১০% হ্রাস পেয়েছে এবং স্থানীয় জনগণ উৎপাদিত পণ্যের সংরক্ষণ করতে পারছে।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্য্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. নলকূপ স্থাপন এবং জলাধার ও সেচ অবকাঠামো নির্মাণ	• ৬ টি বাঁধ নির্মাণ • ১২০ টি নলকূপের যন্ত্রাংশ স্থাপন	১
২. গ্রামীণ অবকাঠামো (সড়ক, পাহাড়ী সড়ক, সেতু, কালভার্ট ইত্যাদি) নির্মাণ ও উন্নয়ন	• ১১ কি.মি. রাস্তা নির্মাণ • ৩১৩ মিটার ব্রীজ/কালভার্ট নির্মাণ • ৩৮২ মিটার রিটেইনিং/গাইড ওয়াল নির্মাণ • ৪৪৬ মিটার সিঁড়ি নির্মাণ • ২৯১৮ মিটার ড্রেন নির্মাণ	৪
৩. প্রত্যন্ত অঞ্চলে শিক্ষা, ধর্মীয় ও সামাজ কল্যাণমূলক প্রতিষ্ঠান উন্নয়ন	• ৩৯ টি স্কুল ও ছাত্রাবাস নির্মাণ • ৭ টি ক্লাবঘর নির্মাণ • ২৭ টি মসজিদ, মন্দির, কিয়াং ও গীর্জা নির্মাণ • বিভিন্ন প্রতিষ্ঠানে খেলাধূলার সামগ্রী ও সাংস্কৃতিক যন্ত্র বিতরণ • ১৫ টি স্যানিটারী টয়লেট নির্মাণ • ৩ টি পর্যটন অবকাঠামো নির্মাণ	৩
৪. পার্বত্য অঞ্চলে কৃষকদের মধ্যে কৃষি উপকরণ (পাওয়ার টিলার, পাম্প, স্প্রে মেশিন, বীজ ইত্যাদি) বিতরণ	• পাওয়ার টিলার ও সেচ পাম্প বিতরণ • ১১০ টি বাগান সৃজন • ৪৩৫ জন কৃষকের কর্মসংস্থান সৃজন	৪
৫. বেকারত্ব দুরীকরণে ক্ষুদ্রশিল্প, হস্তশিল্প ইত্যাদি স্থাপন	• ২টি কুটির শিল্প ঘর নির্মাণ • ২টি ক্ষুদ্র শিল্প ঘর নির্মাণ	৪
৬. যুবক ও যুব মহিলাদের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান	• ৩২০ জন যুব ও যুব মহিলাকে কারিগরি প্রশিক্ষণ প্রদান	৫

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. সেচ ড্রেন নির্মাণ	মিটার	১০০	১৫০	১৫০	৯২৫	৮৬৮	১,১০০
২. পাকা রাস্তা নির্মাণ	কি.মি.	১১.৬৫	৭.৮১	৭.৮১	২	২	৩
৩. শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ	সংখ্যা	২১	২৩	২৬	৮	১০	১১
৪. ব্রীজ/ কালভার্ট নির্মাণ	মিটার	৭৬	৬৬.৫০	৬৬.৫০	৯০	১১০	১১৩

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
৫. ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণ	সংখ্যা	৮	৪৭	৫৪	৮	৯	১০
৬. সেলাই মেশিন, পাওয়ার টিলার ও কম্পিউটার বিতরণ	সংখ্যা	৪৯	৬৯	৬৯	৮৫	৮৫	৮৫
৭. ফলজ বাগান সৃজন	সংখ্যা	১	১০০	১০০	৩০	৩৫	৪২

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণঃ প্রযোজ্য নয়

৫.৪.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	১-৪
১. বান্দরবান জেলা পরিষদ	
অনুমোদিত প্রকল্প	
১. থানছি বলিপাড়া ইউনিয়নের ক্রংক্ষ্যং পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংস্কার	২
২. থানছি উপজেলা পরিষদ হতে থাওয়াই পাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ	৪
৩. বলিপাড়া জুনিয়র হাইস্কুল নির্মাণ/সম্প্রসারণ	২
৪. রুমা উপজেলা মুসলিম পাড়ায় কবরস্থানে বাউন্ডারী ওয়াল এবং পাইলট পাড়ায় মসজিদ সংস্কার	৪
৫. রুমা উপজেলা গালেঙ্গ্যা ইউনিয়নস্থ নুমলাই হেডম্যান পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ	২, ৩
৬. রোয়াংছড়ি উপজেলার মারমা সাংস্কৃতি শিল্পী গোষ্ঠী ঘর নির্মাণ	৩, ৪
৭. রোয়াংছড়ি উপজেলার বম সাংস্কৃতি শিল্পী গোষ্ঠী ঘর নির্মাণ	৩, ৪
৮. নাইক্ষ্যংছড়ি উপজেলার ধাবনখালী উত্তর পাড়া বৌদ্ধ বিহারের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ	৩, ৪
৯. নাইক্ষ্যংছড়ি উত্তর ঘুমধুম (লক্ষীকান্ত বড়ুয়া) বৌদ্ধ বিহারের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ	৩, ৪
১০. আলীকদম উপজাতীয় নারী কল্যাণ সমিতির ঘর নির্মাণ	৩, ৪
১১. আলীকদম ভরিমুখ মসজিদ উন্নয়ন	৩, ৪
১২. লামা উপজেলা মহামনি শিশু সদন বহুতল ভবন নির্মাণ	৪
১৩. লামা উপজেলা দক্ষিণ হায়দারনাসী জামে মসজিদ বারান্দা নির্মাণ	৩, ৪
১৪. তা'মীরে মিল্লাত ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা ও এতিমখানা একাডেমী ভবনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ (আজিজনগর)	৩, ৪
১৫. ডিসি রোড জামে মসজিদ নির্মাণ (গজালিয়া)	৩, ৪
১৬. গজালিয়া বড় পাড়া বৌদ্ধ বিহার নির্মাণ	৩, ৪

৫.৫ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ

৫.৫.১ সাম্প্রতিক অর্জনঃ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ পার্বত্য এলাকার উন্নয়নের লক্ষ্যে পার্বত্য জেলা পরিষদের যাবতীয় উন্নয়ন কর্মকান্ড, তাদের আওতাধীন ও অর্পিত বিষয়াদির সার্বিক তত্ত্বাবধান ও সমন্বয় সাফল্যের সাথে করে আসছে। এছাড়া উপজাতীয় রীতিনীতি, প্রথা ইত্যাদি সংরক্ষণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে; উপরন্তু গত তিন অর্থবছরে সরকারি সহায়তায় তিন পার্বত্য জেলার অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নসহ কৃষি এবং শিক্ষার উন্নয়নে গুরুত্বপূর্ন অবদান রেখেছে। ৫টি উপজেলায় এবং ৩২টি ইউনিয়ন সড়কের মাধ্যমে সংযোগ করাসহ সেতু ও কালভার্ট নির্মাণ করেছে। এছাড়া ৫৬টি বিদ্যালয় ও ২৯টি ছাত্রাবাস নির্মাণের মাধ্যমে পার্বত্য জেলাসমূহে শিক্ষার বিকাশ সাধন করেছে। এছাড়া নানাবিধ কৃষি উপকরণ ও সেচ ড্রেন নির্মাণের মাধ্যমে পার্বত্য এলাকার কৃষি ব্যবস্থার উন্নয়ন সাধন করেছে।

৫.৫.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১। নলকূপ স্থাপন এবং জলাধার ও সেচ অবকাঠামো নির্মাণ	• ২২৯টি সেচ ড্রেন নির্মাণ • ৩৬২টি ক্রস ড্যাম্প নির্মাণ	১
২। স্কুল ভবন নির্মাণ ও সংস্কার	• ১৫৬ টি বিদ্যালয় নির্মাণ ও সংস্কার ২৯টি ছাত্রাবাস নির্মাণ • ১টি গ্রন্থাগার নির্মাণ	২
৩। গ্রামীণ অবকাঠামো (সড়ক, পাহাড়ী সড়কসহ কালভার্ট ইত্যাদি নির্মাণ ও উন্নয়ন	• ২৫২ কি.মি. রাস্তা নির্মাণ • ৩৯টি সেতু নির্মাণ • ৪৬৯টি কালভার্ট নির্মাণ	৪
৪। পার্বত্য অঞ্চলের কৃষকদের মধ্যে বিভিন্ন কৃষি উপকরণ (পাওয়ার টিলার, পাম্প, প্রে মেশিন, বীজ ইত্যাদি) বিতরণ	• ৯১২টি পাওয়ার পাম্প মেশিন • ১,৬৫২টি পাম্প মেশিন সরবরাহ	৪

৫.৫.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। রাস্তা নির্মাণ	কি.মি.	৮৪	৮৪	৮০	*	১০০	১০০
২। সেতু ও কালভার্ট নির্মাণ	সংখ্যা	১৬৯	১৬৯	১৬০	*	১৮০	১৮০
৩। শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	৬২	৬২	৬৪	*	৭০	৭০
৪। সেচ ড্রেন নির্মাণ ও বাঁধ নির্মাণ	সংখ্যা	১৯৭	১৯৭	২০০	*	৩০০	৩০০

* পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের আওতাধীন "পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে পল্লী উন্নয়ন প্রকল্প"-এর মেয়াদ ২০০৯-১০ অর্থবছরে শেষ হয়েছে এবং নতুন পর্যায়ে ২০১১-১২ অর্থবছর থেকে প্রকল্পটি শুরু হবে বিধায় ২০১০-১১ অর্থবছরে কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি।

৫.৫.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	২,১৪,০০	২,২৩,৫৭	২,৮৪,৮০	৩,০৬,০০	৩,২২,০০
উন্নয়ন	১,১৬,০০	১,৭২,০০	০	১,১৪,৯৭	০
মোট	৩,৩০,০০	৩,৯৫,৫৭	২,৮৪,৮০	৪,২০,৯৭	৩,২২,০০

৫.৫.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	
১। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ	১-৪